যায়যায়দিন

তারিখ ... AUG. 06. 2006 ...
পৃষ্ঠা ১৫ কলাম ... ৭ ...

## ছাত্র ভর্তি নিয়ে বিরোধ

# সিলেট সরকারি কলেজের অধ্যক্ষ শিবির ক্যাডারদের হাতে এক ঘণ্টা অবরুদ্ধ

সিলেট অফিস

একাদশ শ্রেণীতে ভর্তির ক্ষেত্রে চাহিদামতো সুযোগ না পেয়ে ইসলামী ছাত্র শিবিরের ক্যাডাররা গতকাল শনিবার সিলেট সরকারি কলেজের জামায়াতপন্থী অধ্যক্ষ প্রফেসর আতাউল হক লস্করকে তার কক্ষে এক ঘণ্টা আটকে রাখে। জোহরের নামাজের সময় শিবির ক্যাডাররা নিজেরাই অধ্যক্ষের কক্ষের তালা খুলে দেয়।

এ ঘটনায় কলেজে ছাত্রদল, ছাত্রলীগ ও ছাত্র শিবিরের কর্মীদের মধ্যে উত্তেজনা দেখা দেয়। পুলিশের উপস্থিতির কারণে শেষ পর্যন্ত কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি। ছাত্রদল ও ছাত্রলীগ এ ঘটনাকে সাজানো নাটক হিসেবে অভিহিত করেছে। তারা বলেছে, শিবির স্বাভাবিক ভর্তি প্রক্রিয়ায় হস্তক্ষেপ করতেই এ নাটকের অবতারণা করেছে।

কলেজ সূত্র জানায়, শিবির ক্যাডাররা গতকাল দুপুর সাড়ে ১২টায় কলেজ অধ্যক্ষকে তার কক্ষে তালাবদ্ধ করে রাখে। বেলা দেড়টায় জোহরের নামাজের সময় তারা অধ্যক্ষের কক্ষ খুলে দেয়। এর প্রতিবাদে ছাত্রলীগ কলেজ ক্যাম্পাসে মিছিল-সমাবেশ করেছে।